দশ দশ করে কুড়ি বছর পার করে প্রায় একুশ বছর পর আবার হেমন্তের শিশির মাখা সন্ধ্যায় প্রিয় ক্যাম্পাসে ফিরে আসা। এবারের উদ্দেশ্য ৯৫তম সিনিয়র স্টাফ কোর্স বা এসএসসিতে যোগ দেয়া। বিপিএটিসি ক্যাম্পাসে পা রাখা মাত্রই হারিয়ে যাওয়া অনেক স্মৃতিও ফিরে আসা শুরু করলো। দিন যতই গড়াতে থাকলো ততই 'সেসব স্মৃতি' আর বর্তমান অবস্থার একটি তুলনামূলক চিত্র মনের চিত্রপটে আঁকা শুরু হলো। অনেকটা আমার অজান্তে, নিয়ন্ত্রণের বাইরে। প্রথম তিন সপ্তাহ সময়ের তুলনায় এই তালিকা বেশ লম্বা হয়ে গেল। হঠাৎ কোভিড-১৯ আমাদের হানা না দিলে সেটা হয়তো আরো দীর্ঘ থেকে দীর্ঘতর হতে পারতো।

একুশ বছরে সব কিছু বদলে গেছে। আমি নিজেও তো কম বদলাইনি। বিপিএটিসিও বদলিয়েছে। রেক্টর স্যার, ফ্যাকাল্টি, স্টাফ, ল্যাইব্রেরিয়ান সব বদলে গেছে। পুরানো ফ্যাকাল্টিদের অনেকেই অবসরে গেছেন। সবাই হয়তো এখন বেঁচে আছেন, ভাল আছেন-সদা শুভ কামনা তাদের জন্য। সবার খোঁজ নিতে ইচ্ছে করে, তবে সময়ের স্বল্পতায় তা আর হয়ে উঠে না।

ফাউন্ডেশন কোর্সের সময়ে একজন সহকারি পরিচালক ছিলেন যাকে ডাকা হতো 'দ্য কেইজড ম্যান'। ওনার নামটা এখন মনে পড়ছে না। সরকারি চাকুরিজীবীদের শৃঙ্খলা বিধি তিনি পড়াতেন। ঐ কোর্সে একটা চমৎকার কেস স্ট্যাডি তিনি তৈরি করেছিলেন। যথাযথ কতৃপক্ষের অনুমোদন ছাড়া দীর্ঘদিন অনুপস্থিত থাকলে পরবর্তীতে কি কি সমস্যা হতে পারে সেসব বিষয়ে কেস স্ট্যাডিতে বলা হয়েছিল। ক্লাস শেষে তিনি অপকটে স্বীকার করলেন কেস স্ট্যাডির কেইজড বাড বা খাঁচার পাখি আর কেউ নয়, তিনি নিজেই। সেই থেকে তার নিজ নামের চাইতে তাকে কেইজড বার্ড হিসেবে বেশি চিনতাম। স্কুল কলেজের অনেক শিক্ষকই কোড নামে বেশি পরিচিত পেতেন।

এখন দিব্যি দেখতে পাচ্ছি যাদেরকে একুশ বছর আগে বিপিএটিসি'র সহকারি পরিচালক হিসেবে দেখেছি, একই সাথে ফাউন্ডেশন কোর্স করেছি, তাদের সকলেই এখন পরিচালক হিসেবে কাজ করছেন। শুধু পদে নয়, অন্যান্য বিষয়ে তাদের পরিবর্তন এসেছে প্রকৃতির নিজস্ব ছকে। সময় বলে দেয় পরিবর্তন বৃত্তে আমরা কিভাবে সদা ঘুরপাক খাচ্ছি।

আমাদের এক ব্যাচমেটের মাস খানেক আগে বিপিএটিসি'র এমডিএস (মেশ্বর ডিরেক্টর সার্ভিস) হিসেবে পোস্টিং হয়েছিল, যোগ দেননি তিনি। কেন এই চমৎকার ক্যাম্পাস তাকে টানতে পারিনি সেটা আমার অজানা। আমার পোস্টিং হলে না বলতে পারতাম না। শিক্ষকতা, গবেষণা এসব আমার ভাল লাগে। চাকুরি জীবনটাতো শুরুই করেছিলাম শিক্ষকতা দিয়ে। গত আড়াই বছরের বেশি সময় ধরে ব্যাংকক ভিত্তিক একটি আন্তর্জাতিক সংস্থার হয়ে শিক্ষকতার কাজটি

মূলত: করেছি। পুরো সময়ইটা পেশাকে উপভোগ করেছি, কখনই বোরিং মনে হয়নি।

ফাউন্ডেশন কোর্স আর এসএসসি এর মধ্যে ফারাকি কি? প্রশ্নটা মনে ভাসছিল। হঠাৎ সেদিন কাকডাকা ভোরে শরীর চর্চার সময় একজন কোর্সমেট সুন্দর উপমা দিয়ে পার্থক্য বুঝিয়ে দিলেন। বললেন, ফাউন্ডেশন কোর্সে অনেকে আসে নিজের বউ খুঁজতে, আর এসএসসি কোর্সে আসেন ছেলে মেয়ের জন্য পাত্রী আর পাত্র খুঁজতে। কথাটা একেবারেই ঠিক। আমি যখন ফাউন্ডেশন কোর্সে আসি তখন আমার ছেলের বয়স ছিল মাত্র দু বছর এখন সে তেইশ বছরের যুবক। এখন না হলেও দুই তিন বছরের মধ্যে তার জন্য পাত্রী খুঁজতে তো হবেই। সময় যেভাবে বদলাচ্ছে, তাতে অভিভাববদের পাত্র পাত্রী খোঁজার দায়িত্বটা মনে হয় খুব বেশি আর পালন করতে হবে না।

ফাউন্ডেশন কোর্সে একটি মজার ঘটনা মনে পড়লো। ক্লাস শুরুতে কোন এক ফাঁকে কেউ একজন এক পৃষ্ঠা সাদা কাগজে মজার কিছু একটা লিখে ছেড়ে দিতো। এর কোড নাম ছিল নোট পাসিং। ক্লাসে শেষে কাগজটা সবার হাত ঘুরে আসতো। লেখা হতো নানা ধরনের কমন্টে। কেউ আবার বিষয় সম্পর্কিত কোন ছবি একে দিতো ঐ নোটে। যিনি নোট চালু করতেন তিনিই এটি সংগ্রহ করতেন। জানি না ঐ নোট এখনও কারো সংগ্রহে আছে কিনা।

ফাউন্ডেশন কোর্সে পার্টিসিপেন্ট অনেক, সবাই বয়সে তরুন, প্রাণচাঞ্চল্যে ভরপুর। সুতরাং নানা ধরনের মজার ঘটনা সেখানে দেখা যেত। এসএসসি কোর্সে এতসব কল্পনাও করা যায় না। সবাই সিনিয়র কর্মকর্তা, দায়িত্বশীল মানুষ, সব কিছুতেই সতর্ক। ব্যত্য কোন কিছুতেই হবার সুযোগ নেই।

ফাউন্ডেশন কোর্সে পার্টিসিপেন্টদের মধ্যে অনেক বৈচিত্র্যও ছিল। বিভিন্ন ক্যাডার, বিভিন্ন মত পদের কর্মকর্তা। এদের মধ্যে একটু ব্যতিক্রম কেউ থাকলে তাকে নিয়ে মজা করার সুযোগ তৈরি হত। আমাদের ২৫তম ফাউন্ডেশনে একটা কথা খুব প্রচলিত ছিল। কথাটা ছিল ‘গণি মিয়া’-নিজের জমি নেই অন্যের জমি চাষ করে। কাকে দিয়ে কবে কখন কিভাবে কথাটা কে চালু করেছিল সেটা মনে নেই। যদি কোন পুরুষ পার্টিসিপেন্ট দীর্ঘ সময় কোন মহিলা পার্টিসিপেন্টের সাথে কথা বলতো তাহলে তাকে গণি মিয়া নামে ডাকা। তবে গণি মিয়া উপাধিপ্রাপ্তদের সংখ্যা ছিল খুবই কম।

গত দুই দশকে বিপিএটিসি ক্যাম্পাসের আকৃতি ও প্রকৃতিগত অনেক পরিবর্তন হয়েছে। এসএসসি কোর্সে এসে যে আইটিসি ভবনে আমরা উঠেছি এবং ক্লাস করছি সেটা আগে ছিল না। এ জায়গাটা ছিল ফাঁকা। যতটুকু মনে পড়ে এ জায়গায় ফাউন্ডেশন কোর্সের শিক্ষার্থীরা গাড়ি চালানোর প্রশিক্ষণ নিত। তবে তখনই শুনেছি এ জায়গা আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কমপ্লেক্স তৈরি হবে।

মনে হয়েছে ক্যাম্পাসে এখন গাছপালার সংখ্যা ও বৈচিত্র্য আগের তুলনায় অনেক বেশি। নানা বর্ণের ও জাতের ফুল গাছ এখন ক্যাম্পাসে শোভা পাচ্ছে। ওয়াকওয়েতে এখন যে নানা রংয়ের অর্কিড দেখা যাচ্ছে সেগুলো নতুন এডিশন, আগে ছিল না। মনে হচ্ছে হাল আমলে এগুলো আনা হয়েছে। লেকের চারপাশেও গাছের সংখ্যা বেড়েছে অনেকগুন। ক্যাম্পাসের দোকানপাটগুলোও নতুন ভাবে সেজেছে।

ক্যাম্পাসের অনেক পুরোনো ভবন এখন ভেঙ্গে ফেলা হচ্ছে এবং সে জায়গায় তৈরি হচ্ছে আধুনিক সব ভবন। সময়ের সাথে প্রশিক্ষণ চাহিদা ও গুণগত মান বৃদ্ধির স্বার্থে এসব অবকাঠামোগত পরিবর্তন আসছে। তবে ক্যাম্পাসের সবুজ আবরণে যাতে কোন ঘাটতি না হয় সেদিকে কর্তৃপক্ষ বেশ সজাগ রয়েছেন। স্পোর্টস কমপ্লেক্সও আধুনিক হয়েছে। টেনিস, ব্যাডমিন্টন, বাল্কেটবল, ভবিবলসহ অন্যান্য খেলাধুলার সুযোগ সুবিধা বাড়ানো হয়েছে। সকালের শরীর চর্চায় যোগ হয়েছে যোগ ব্যায়াম যা আমরা সবাই উপভোগ করছিলাম।

তবে সবচেয়ে নজর কেড়েছে হাঁটার ট্র্যাক। ফাউন্ডেশনের সময় ইট পাতা রাস্তা ছিল, এখন সেটা একটা আধুনিক ট্র্যাকে রূপ নিয়েছে। ট্র্যাকের আশেপাশের জায়গাগুলোর উন্নয়ন ঘটছে। পুরো ক্যাম্পাসকে সুরক্ষা করার জন্য

চারপাশের দেওয়ালও মজবুত করা হয়েছে। অবকাঠামোর দিক থেকে বিপিএটিসি যে নিত্য নতুন রূপ ধারণ করছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

শুধু অবকাঠামো নয়, প্রশিক্ষণ মানের উন্নয়নের জন্য উদ্যোগ চোখে পড়ার মতো। প্রশিক্ষকদের বিশেষ করে বিপিএটিসির নিজস্ব ফ্যাকাল্টিদের মধ্যে দুই দশক আগে পিএইচডিধারীর সংখ্যা ছিল খুব স্বল্প। এখন এ সংখ্যা অনেক বেড়েছে এবং তার সুফল বিভিন্ন ধাপের ও পদের প্রশিক্ষণার্থীরা পাচ্ছে।

বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার যে সামষ্টিক প্রচেষ্টা তার জন্য সরকারি কর্মকর্তাদের মধ্যে ক্রটিক্যাল মাস তৈরি প্রয়োজন। আর সে কাজটিই বিপিএটিসি করে যাচ্ছে নিরলসভাবে। দেশে অন্য যেসব প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে তাদের কাছে বিপিএটিসি একটা আদর্শ ও অনুপ্রেরণা হিসেবে কাজ করছে।

দুই দশক আগে যাদের সাথে একত্রে ফাউন্ডেশন ট্রেনিং করেছি, প্রশিক্ষণ শেষে তাদের সাথে আর খুব একটা দেখা সাক্ষাত হয়নি। দেশে বিভিন্ন জায়গায় তারা কাজ করছেন। কেউ কেউ আবার বিদেশে পাড়ি জমিয়ে সেখানেই স্থায়ী হয়ে গেছেন। এমন একজনের সাথে দেখা হয়েছিল লন্ডনে ২০০৬ সালে।

তখন ফেসবুক বা হোয়াটসআপ ছিল না, ফলে নিজস্ব কোন অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করা হয়নি নিজেদেরকে যুক্ত করার জন্য। তবে ফেসবুকের কল্যাণে কারো কারো সাথে যুক্ত হতে পেরেছি, এখনও হচ্ছি। কোর্স ভিত্তিক পুনর্মিলনের কোন উদ্যোগ নেয়া হলে হয়তো ভার্সুয়াল জগতের পাশাপাশি বাস্তব জগতে সহ-প্রশিক্ষণার্থীদের সাথে দেখা সাক্ষাতের একটা সুযোগ তৈরি হতো। দেখা হোক বা না হোক কায়মনে প্রার্থনা করি প্রশিক্ষণার্থীরা যেখানেই থাকুন না কেন, তারা যেন ভাল থাকে, সুস্থ থাকে এবং নিরাপদে থাকে। কোভিড-১৯ পরিস্থিতি কেন জানি এ উপলব্ধিকে আরো প্রবল করেছে।

যুগ্মসচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়





Where Bengali Language Really Comes From?

—Md. Golam Kabir*

In the recent time several scholars had an interesting debate on the topic of the origin of languages. The discussion started with the principle of migration and how it had influenced cultural and linguistic aspects within the evolving matrix of language and literature.

Several interesting factors were revealed. The emphasis was on Central Asia, Eastern Europe, East Asia and South Asia. It also focused on migration that had started as a factor among the nomadic population who lived in Central Asia, Western China and Eastern Europe and had moved due to various reasons. Between 4000 and 1000 BC, ancient people residing in Central Asia and the bordering regions of the Black Sea and the Caspian Sea, due to various factors including draught, took the initiative to migrate out of this region. They travelled towards the south, to the northern reaches of Turkey, towards the eastern and western parts of Europe, including present-day Greece and Italy and also towards the north-east into present day Russia and China. From there, the next wave of migration took them to the south east into present day Iran, Afghanistan, Pakistan and the south western and northern ambits of India.

We also know that they were likely among the first people to domesticate horses, which gave them the advantage of travelling faster and further than ever before, allowing them to travel and colonize vast territories spanning from northern Europe to India, and, of course, to spread their language.

The Proto-Indo-European language (PIE) is the ultimate ancestor of many European and Indian languages. The word "proto" indicates it was spoken thousands of years in the past and we have no direct record of it. What we do have is the clear evidence in its descendant languages, from the consistent patterns in the way their words vary, that there was such an ancestor. Following these patterns, scholars have deduced a quite extensive vocabulary — but they are still reconstructed, not 'real' words. We can never know exactly how these words were pronounced, or precisely how they were used. Conventionally, therefore, such words are written with a preceding asterisk.

Historians posit that the earliest speakers of the Proto-Indo European language inhabited places in Ukraine and parts of Southern Russia and the Caucasus, then

moved on to other parts of Europe as well as India. (PIE) is the linguistic reconstruction of the ancient common ancestor of the Indo-European languages, the most widely spoken language family in the world. Linguistic experts think that it was around 3400 BCE when the unity of the Proto-Indo-European language occurred. There are 10 main branches of the Indo-European language family, including Anatolian, Albanian, Armenian, Balto-Slavic, Celtic, Greek, Germanic, Indo-Iranian, Italic and Tocharian. Each one covers different areas in the world. However, some of these branches are already extinct. Today, the largest among the Indo-European language family branch is Indo-Iranian.

There are two sub-branches of the Indo-Iranian branch – Iranian and Indic. The languages belonging to this branch are commonly used in Iran, Pakistan and India, and areas close to these countries. Some of the languages have traveled to some parts along the Black Sea up to Western China.

Sanskrit, which is still used today as a ceremonial language, belongs to the Indic sub-branch. Its meaning is "refined" or "perfected." The oldest variety of these languages is called Vedic Sanskrit, which was used in the Vedas. These are Ancient India's collection of religious texts and hymns. The speakers of Indic came from Central Asia in 1500 BCE and entered the Indian subcontinent. A record of the language migration is found in hymn 1.131 of the Rig-Veda.

Magadhi Prakrit terms inherited from Sanskrit. Magadhi Prakrit later evolved into the Eastern Zone Indo-Aryan languages, including Assamese, Bengali, Oriya and the Bihari languages (Bhojpuri, Maithili, and Magahi languages, among others).

Bengali or Bangla is an Indo-Aryan language of the eastern Indian subcontinent, evolved from the Magadhi Prakrit, Pāli and Sanskrit languages. Bengali is native to the region of eastern South Asia known as Bengal, which comprises present day Bangladesh and the Indian state of West Bengal. With nearly 230 million total speakers, Bengali is one of the most widely spoken languages (ranking 5th or 6th in the world). Bengali is the primary language spoken in Bangladesh and is the second most widely spoken language in India. Sanskrit is an Old Indo-Aryan language. As one of the oldest documented members of the Indo-European family of languages, Sanskrit holds a prominent position in Indo-European studies. It is related to Greek and Latin, as well as Hittite, Luwian, Old Avestan and many other living and extinct languages with historical significance to Europe, West Asia, Central Asia and South Asia. It traces its linguistic ancestry to the Proto-Indo-Aryan, Proto-Indo-Iranian and Proto-Indo-European language.

Joint Secretary
Bangladesh Jute Mills Corporation



কালাপানি - এক নৃশংস বন্দিশিবির

—শেখ নাজমুল আলম বিপিএম (বার), পিপিএম (বার)*

দিনটা ছিল ২০১২ সালের একুশে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাঙালির জাতীয় জীবনে এক তাৎপর্যপূর্ণ দিন, আমাদের গৌরবের শহীদ দিবস। ভারতের কেন্দ্রশাসিত আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ারেও দিনটা রাষ্ট্রীয়ভাবে পালিত হচ্ছিল। পরিবারের সাত সদস্যের ভ্রমণ দল নিয়ে এদিন আমি ছিলাম আন্দামানে। কালাপানির দেশ, দ্বীপান্তরের দেশ, আদিমতম মানুষের দেশ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। প্রকৃতি এখানে উদার হাতে সৌন্দর্য বিলিয়েছে। আকাশের নীল আর সাগরের নীল জলরাশি সীমান্তে মিলেমিশে একাকার। ফেনিল টেউ আছড়ে পড়ছে বালুতটে, আর আছে চোখ জুড়ানো ঘন সবুজ বৃক্ষরাজি। জারোয়া, ওঙ্গি, সেন্টিনেলিজ, শম্পেন, গ্রেট আন্দামানিজ ও নিকোবরিজ ইত্যাদি উপজাতির বাস এই সুন্দর দ্বীপপুঞ্জের বন পাহাড়ের



নির্জনতায়। আদিবাসী ছাড়াও এখানে বাস করে বাঙালি, তামিল ইত্যাদি নানা জাতের মানুষ। এক সময় ব্রিটিশরা স্বাধীনতা সংগ্রামে অংশ নেওয়ার অপরাধে যাদের দ্বীপান্তরে পাঠিয়েছিল তাদের বংশধররা রয়ে গিয়েছে এই দ্বীপে। আবার তৎকালীন পূর্ব পাকিস্তান (বাংলাদেশ) থেকে উদ্বাস্তু হয়ে আসা মানুষদের ভারত সরকার পুনর্বাসন করতে পাঠিয়েছিল এখানে। তাই হরহামেশা ফরিদপুর, বরিশাল, খুলনা, যশোরের মানুষের দেখা মেলে। ৩০ বিঘা করে উর্বর জমি পেয়েছিল এরা চাষের জন্য। সেই জমি থেকে উৎপাদিত পণ্যে সংসার চালিয়ে উদ্বৃত্ত ফসল বিক্রি করে আয়ও হয়। তাছাড়া সকলেই নানা ব্যবসায় জড়িত। মহান একুশ এলে মনটা কেমন করে, ভাষা শহীদদের রক্তাক্ত ত্যাগের মহিমায় বাঙালিরা এদিন আপন সত্ত্বাকে খুঁজে পেয়েছিল।

এমন একটা দিনে কুখ্যাত কালাপানি বা সেলুলার জেল পরিদর্শন ছিল বাড়তি উত্তেজনার।

১৭৬৮ সালে ইংরেজ লেফটেন্যান্ট আর্চিবল্ড ব্লেয়ার ভাইপার নামে এক জাহাজে চড়ে আন্দামান আসেন। তাঁর উদ্দেশ্য ছিল ভারতের মূল ভূখণ্ড থেকে দূরবর্তী অর্থাৎ কলকাতা ও মাদ্রাজ থেকে যথাক্রমে ১২৫৫ এবং ১১৫১ কিলোমিটার দূরে অবস্থিত দুর্গম এই দ্বীপমালায় পেনাল সেটেলমেন্ট বা বন্দিনিবাস গড়ে তোলা। ১৭৮৯ সালে আন্দামানে আধিপত্য বিস্তারের চেষ্টা করেন ব্লেয়ার। কিন্তু প্রতিকূল আবহাওয়ায় নাকানিচোবানি খেয়ে দ্বীপ ছেড়ে চলে যেতে বাধ্য হন। ১৮৫৭ সালের মহাবিদ্রোহে বিদ্রোহী সিপাহিরা ও শেষ মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ পরাজিত হলে ইংরেজরা ভয়াবহ প্রতিশোধ নিতে শুরু করে। বহু সাধারণ মানুষ ও সিপাহিদের খুন করার পরেও অনেকে বাদ থেকে যায়। ইংরেজদের মনে পড়ে আন্দামান দ্বীপের কথা। ১৮৫৭ সালের ১০ মার্চ জে বি ওয়াকারের নেতৃত্বে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ২০০ জন বিদ্রোহী সিপাহী নিয়ে জাহাজ ভেড়ে আন্দামানে। বলা যায় আন্দামান দ্বীপমালা তখন উন্মুক্ত বন্দিশালা। ধীরে ধীরে ব্রিটিশদের গড়ে তোলা এই জেলখানা "ভাইপার চেইন গ্যাং জেল" নামে কুখ্যাত।

১৮৫৭-র সিপাহি বিদ্রোহের সময় ওয়াহাবি মুসলিমরা দিল্লিতে সিপাহিদের পাশে ছিল। সিতানা থেকে পাটনা অবধি তাদের বিস্তার। ১৮৬৩ থেকে ১৮৬৫ পর্যন্ত ব্রিটিশরা সিতানা ও অন্যান্য ঘাঁটিতে আক্রমণ চালিয়ে ওয়াহাবিদের দমন করার চেষ্টা করে।

অন্যদিকে ১৮৬৮ সালের এপ্রিলে ২৩৮ জন কারাবন্দী আন্দামান থেকে পালাতে গিয়ে ধরা পড়ে যায়। তাদের মধ্যে ৮৭ জনকে ফাঁসিতে ঝোলানো হয়। বাকিদের অবস্থা আলাদা করে বলার কিছু



নেই। একবারে মরার সৌভাগ্য যাদের হয়নি, তিলে তিলে তাদের দুনিয়া ছাড়া করে বর্বর ব্রিটিশরা। অমানুষিক নির্যাতন সহ্য করতে না পেরে কেউ হয়ে যেতেন উন্মাদ, কেউ অকালে হারাতেন প্রাণ। এভাবে দিনকে দিন ঔপনিবেশিক শাসনবাদের বিরুদ্ধে আওয়াজ ওঠানো প্রতিবাদী মানুষগুলোকে ধরে এনে বিচারের নামে প্রহসন চালানো হয়।



আন্দামানের তীব্র স্রোত আর কালো পানিকে খুব ভয় পেতেন কয়েদীরা, সাঁতরে এই পথ পাড়ি দেয়া ছিল এককথায় অসম্ভব। নির্জন এই দ্বীপটি থেকে বের হওয়ার আর কোনো রাস্তা ছিলনা। কাজেই স্বাধীনতা সংগ্রামীদের শায়েস্তা করার জন্য কালাপানি হয়ে ওঠে ব্রিটিশদের মনমতো একটি জায়গা। শিকলে বেঁধে তাদেরকে বাধ্য করা হতো দ্বীপে নতুন নতুন বাড়ি বানাতে, যেখানে আরাম-আয়েশ করে দিন কাটাত ব্রিটিশ শোষক কর্তৃপক্ষ। এছাড়াও উপনিবেশবাদ আরও শক্তপোক্ত করতে আন্দামানে জেটি নির্মাণেও বাধ্য করা হয়। ১৮৭২ সালের ৮ ফেব্রুয়ারী বিকালে ব্রিটিশ বড়লাট লর্ড মেয়ো হ্যারিয়েট দ্বীপের সানসেট পয়েন্টে সূর্যাস্ত দেখতে যান রক্ষি পরিবেষ্টিত হয়ে। অতর্কিতে শের আলি আহ্মদি ছুরিকাঘাতে মেয়াকে হত্যা করেন। এই শের আলি আহ্মদিই একমাত্র ব্যক্তি, যিনি এত বড়ো মাপের ব্রিটিশ অফিসারকে হত্যা করতে সমর্থ হন। ১৮৭২ সালের ১১ মার্চ শের আলি আহ্মদির ফাঁসি হয়। পরে জানা গিয়েছিল, পাটনার ওয়াহাবিদের সঙ্গে শের আলির যোগাযোগ, চিঠিপত্র লেনদেন ছিল।

উনবিংশ শতাব্দীর শেষদিকে, ভারতের স্বাধীনতা আন্দোলন যখন অভ্যুত্থানে রূপ নিচ্ছে, সে সময় গ্রেপ্তারকৃত রাজবন্দীদের জন্য উচ্চমাত্রার নিরাপত্তা সম্বলিত কারাগারের প্রয়োজনীয়তা অত্যাবশ্যক হয়ে ওঠে। ইংরেজরা আর উন্মুক্ত বন্দিশালায় ভরসা রাখতে পারেনি। ব্রিটিশ রাজের স্বরষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োজিত স্যার চার্লস জেমস এবং ব্রিটিশ প্রশাসনের সার্জন এ. এস. ল্যাথব্রিজ পরামর্শ দেন দ্বীপান্তরিত হয়ে আসা কয়েদীদের জন্য একটি নূন্যতম মেয়াদে কঠোর শাস্তির ব্যবস্থা করা প্রয়োজন। মাঠে ঘাটে এভাবে সবাই মরে পড়ে থাকলে তা ভারতবাসীর আরও বেশি চোখে পড়বে। সেই ভাবনা থেকে আন্দামানে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র সেলের সমন্বয়ে তৈরি করা হয় কালাপানি বা সেলুলার জেল। জেলের বিস্তৃতিতে সাতটি উইং ছিল, বাইসাইকেলের চাকার স্পোকের মতো সবগুলো উইং মিলিত ছিল কেন্দ্রীয় একটি বিন্দুতে। কেন্দ্রের সার্চ টাওয়ার থেকে জেলখানায় নজরদারী করা হতো। তিনতলা উইংগুলোতে মোট সেলের সংখ্যা ছিল ৬৯৩টি। প্রতিটি সেলে মাত্র একজন করে কয়েদী থাকতো, কেউ কারো মুখ দেখবে এমন কোনো ব্যবস্থা ছিল না। সারাক্ষণ প্রহরায় থাকতো অসংখ্য প্রহরী। জরুরী অবস্থার জন্য ছিল বিশালাকৃতির অ্যালার্ম। বলা যায় জেরেমি বেনথাম-এর প্রস্তাবিত ‘প্যানঅপ্টিকন’-এর আদলে এটি ছিল একটা আদর্শ কারাগার তৈরির চেষ্টা। সেল বা কোষ সদৃশ এই কাঠামোর জন্যই সেলুলার জেল নামকরণ করা হয়। নৃশংস অত্যাচারের পীঠস্থান সেলুলার জেলের নির্মাণকাজ ১৮৯৬ সালে শুরু হয়ে ১৯০৬ সালে শেষ হয়। বাংলার বৃটিশবিরোধী বিপ্লবীদের আটক রাখার জন্য যে কয়টি কুখ্যাত বন্দিশিবির ছিল সেলুলার জেল ছিল সেসবের অন্যতম।



ব্রিটিশ ঔপনিবেশিক শাসনে উপনিবেশবাদের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়াতে পারে এমন সম্ভাবনাময় তরুণদের শাস্তি হিসেবে পাঠানো হতো আন্দামানে। সেলুলার জেল সাত পা ওয়ালা বিষাক্ত মাকড়সার মতো ওত পেতে থাকত শিক্ষিত রাজবন্দীদের মনোবল ভেঙে গুঁড়িয়ে দেয়ার জন্য। তা ছাড়া ব্রিটিশরা ভেবেছিল দ্বীপান্তরে থাকলে দেশ বা সংগঠনের মানুষ বিপ্লবীদের কথা ভুলে যাবে। দ্বীপভূমিতে বন্দিদের জীবনে ছিল প্রবল অত্যাচার। যেমো গরম, নুনের অভাব আর কঠিন শ্রম। কাকভোরে উঠে দু’গ্রাস খাওয়া। মূল খাদ্য ছিল ভাতের মাড়। কোনও কোনও দিন সবজি মিলত। তারপর যেতে হতো নারকেল ঘানিতে কাজ করতে। নারকেল থেকে প্রত্যেক বন্দিকে কুড়ি থেকে পঁচিশ কেজি তেল বানাতে হতো। পরিমাণ অপূর্ণ থাকলে মিলত ডাঙার আঘাত। কুঠরির দেওয়াল থেকে ঝুলিয়ে লাঠির প্রহার ছিল দৈনন্দিন ঘটনা। দুপুরে খাওয়ার পর এক ঘণ্টা বিশ্রাম এবং রাতে গরম ও মশার কামড়ের ফাঁকে কয়েক ঘণ্টা ঘুম। এটাই ছিল জেলের রোজকার জীবন।



ধারা। জ্ঞান হারিয়ে সেখানেই পড়ে রইলেন সুশীল। শেষবারের মতো এক চুমুক পানিও জুটল না তার কপালে। এভাবেই অমানবিক পরিবেশে কাজ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন অসংখ্য রাজনৈতিক বন্দী।

জেলটি প্রথমবারের মতো আপামর জনতার দৃষ্টি আকর্ষণ করে ত্রিশের দশকের শুরুর দিকে। কয়েদীরা সবাই আমরণ অনশনের ঘোষণা দেন তখন। ব্রিটিশদের অমানবিক নির্যাতনের প্রতিবাদে মহাবীর সিং প্রথম অনশনের উদ্যোগ নেন। তাকে প্রতিহত করতে ব্রিটিশ কর্তৃপক্ষ জোর করে দুধ খাইয়ে অনশন ভাঙার চেষ্টা করে, কিন্তু দুর্ভাগ্যবশত দুধ সরাসরি তার শ্বাসযন্ত্রে ঢুকে যায়। সাথে সাথেই মারা যান তিনি। তার মৃতদেহ ছুঁড়ে ফেলা হয় সাগরে। ১৯৩৭-৩৮ সালের দিকে

মহাত্মা গান্ধী এবং রবীন্দ্রনাথ ঠাকুরের মধ্যস্থতায় মুক্তিকামী কয়েদীদের স্থানান্তরিত করার উদ্যোগ নেয় ব্রিটিশ সরকার।

১৯৪২ সালে জাপান সরকার আন্দামান দ্বীপপুঞ্জ থেকে বিতাড়িত করে ব্রিটিশদের। সে সময় নেতাজি সুভাষচন্দ্র বসু তার 'আজাদ হিন্দ ফৌজ' নিয়ে ১৯৪৩ সালের ৭ নভেম্বর এ দ্বীপটিকে দখল করে স্বাধীন ভারতের পতাকা উত্তোলন করেন। তিনি আন্দামান ও

একটা ঘটনা বলি। একদিন প্রখর রোদের মধ্যে দাঁড়িয়ে টানা ছয় ঘণ্টা ধরে অমানুষিক পরিশ্রম করে সুশীল দাসগুপ্তের দু'হাত রঞ্জিত হয়ে উঠেছিল নিজের রক্তেই। সমান তালে, অবিরামভাবে নারিকেল ভেঙে তার ছোবড়া থেকে আঁশ বের করার কাজটি করতে করতে যেমে নেয়ে উঠেছে পুরো শরীর। গলা শুকিয়ে একদম কাঠ হয়ে গেছে। এক মুহূর্তের জন্য কাজ থামিয়ে পাহারাদারকে বলেছিলেন এক গ্লাস পানি দিতে। পানি তো মিললই না, বরং পাহারাদারদের মুহূর্তে টিপ্পনীর সাথে গুলি হলো নতুন এক পাশবিক খেলা। হাতে-পায়ে ডাঙাবেড়ি পরানো সুশীলকে বলা হলো, হেঁটে গিয়ে পাশের নদী থেকে সবার জন্য পানি আনতে হবে। কাঁটাগাছে ভরা জঙ্গলের মধ্যে দিয়ে কিছুদূর হেঁটে যেতেই তার ক্লান্ত-পরিশ্রান্ত শরীর থেকে নেমে এলো রক্তের



নিকোবর দ্বীপপুঞ্জের নাম দেন শহীদ ও স্বরাজ দ্বীপপুঞ্জ। অবশ্য এ ঘটনার দু'বছর পর অর্থাৎ ১৯৪৫ সালে ব্রিটিশ সরকার এ দ্বীপপুঞ্জ পুনরায় দখল করে নেয়। কিন্তু ততদিনে ইংরেজ শাসনের সূর্য অস্তমিত প্রায়। তাই তারা সেলুলার জেলের সব বন্দিকে মুক্তি দিয়ে উপনিবেশটিও চিরকালের জন্য বন্ধ করে দিতে বাধ্য হয়। তাতে কি, ইতিহাসের পাতায় এটা যে কালো অধ্যায় হিসেবে জায়গা করে নিয়েছে, তা চিরকাল মানুষের স্মৃতিতে অমলিন হয়ে থাকবে।

উল্লাসকরের লেখা 'কারা জীবনী' থেকে জানা যায় "এতদিনকার হাড়ভাঙ্গা খাটুনির পর যখন দেখিলাম যতই খাটি না কেন ঐ খাটুনি হইতে আর উদ্ধার নাই, তখন একেবারে মরিয়া হইয়া বলিলাম যে, আর কাজ

করিব না। ভারতীয় জুনিয়র ডাক্তার জেলের মধ্যেই কাজের পরামর্শ দেন। তা বড়সাহেব মানবেন কেন?"। তাকে আবার ইটের গোলায় পাঠানো হয়। উল্লাসকর কিছু দিন পর ফেরেন প্রচণ্ড জ্বরে কাঁপতে কাঁপতে; জানান, তিনি কাজ করতে অক্ষম। ধুম জ্বর, ১০৪-১০৬ ডিগ্রির আশেপাশে। তাঁকে ভারতের মাড়



খাইয়ে দেওয়া থেকে হাতকড়া পরিয়ে চেনে বেঁধে ঝুলিয়ে রাখা হয় সারা রাত। জ্বর ছাড়ল কদিন পর কিন্তু উল্লাসকর আর সেই উল্লাসকর নেই।

আসন্ন বিপদের মধ্যেও যিনি নির্বিকার, তীব্র যন্ত্রণায় যার মুখ হতে কখনো হাসির রেখা মুছেনি, তিনি তখন উন্মাদ। উল্লাসকর লিখেছেন কী ভাবে জেলের হাসপাতালে তাকে বারবার ‘ব্যটোরি চার্জ’ বা ইলেকট্রিক শক দেওয়া হয়। “সমস্ত শরীর বিদীর্ণ করিয়া, সমস্ত স্নায়ুমণ্ডলীকে ছিন্নবিচ্ছিন্ন করিয়া ঐ তড়িৎ নির্গত হইতে থাকে”। কিছু দিন আন্দামানের জেল হাসপাতালে থেকে তাকে মাদ্রাজের উন্মাদাগারে পাঠানো হয়। এই প্রচণ্ড নির্যাতনের পরে উন্মাদ হওয়াটাই হয়তো স্বাভাবিক। তবে একটা খটকা রয়েই যায়। তাহলো তিনি ১৯২০-এর পর কী করে ‘কারাজীবনী’ বইটা লিখতে পারলেন? উল্লাসকর কি সত্যিই পাগল হয়ে গিয়েছিলেন? নাকি তিনি অসাধারণ অভিনেতা? জানা যায় একজন ইউরোপীয় ডাক্তার তাঁকে পরামর্শ দেন পাগল সাজতে। কঠিন শ্রম এবং জ্বরে মৃত্যু থেকে বাঁচার সেটাই ছিল একমাত্র উপায়। ওই ডাক্তারের কাছ থেকে নিয়েছিলেন উন্মাদনার প্রথম পাঠক্রম। কোনটা সত্যি, অভিনেতা না উন্মাদ, এই রহস্য থেকেই যায়। এই জেলে বিভিন্ন সময় বিভিন্ন মেয়াদে যেসব বিখ্যাত বিপ্লবী বন্দিজীবন যাপন করেছেন, তাদের মধ্যে অন্যতম হলেন বারীন্দ্রকুমার ঘোষ, হেমচন্দ্র দাস, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সাভারকর ভ্রাতৃদ্বয়, গণেশ ঘোষ, অনন্ত সিংহ, লোকনাথ বল, উল্লাসকর দত্ত, মহারাজ ত্রৈলোক্যনাথ চক্রবর্তী, বটুকেশ্বর দত্ত, বিনায়ক দামোদর প্রমুখ। তাছাড়া বন্দিদের তালিকায় ফরিদপুর, বরিশাল, চট্টগ্রাম সহ বাংলাদেশের বহু বিপ্লবীর নাম আমাদের অবাক করল।

স্বাধীনতা সংগ্রামের তিন বাঙালি- বারীন্দ্রকুমার ঘোষ, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও উল্লাসকর দত্ত তিন জনেই মুক্তি পাওয়ার পর লিপিবদ্ধ করেছিলেন আন্দামানে সেলুলার জেলের জীবন। একটা মজার তথ্যের উল্লেখ করেছেন বারীন তাঁর লেখায় তাঁরা সুযোগ পেলে নিজেদের মধ্যে দেওয়ালে টোকা মেরে একটা সরল টেরেস্কার মাধ্যমে কথোপকথনের চেষ্টা করতেন। কারাগারের প্রশাসন বাঙালির পাশে রাখত মাদ্রাজিকে, তার পাশে পাঠান ও বর্মিকে। গোপনীয় কথাবার্তা তাই ছিল অত্যন্ত কঠিন। প্রথম বিশ্বযুদ্ধের পর ইন্ডিয়ান জেল কমিটি গঠিত হয়। জেল কমিটি ১৯১৯ থেকে ১৯২০ পর্যন্ত অনুসন্ধান চালায় এবং রিপোর্টে বলে,



সেলুলার বা সলিটারি কারাবাস দশ বছর ও তার বেশি হলে তা শারীরিক ও মানসিক ভাবে অত্যন্ত ক্ষতিকারক। দিনের পর দিন একই কাজ, অখাদ্য ও অপুষ্টিকর খাবার - এই সব তথ্য তুলে রাজবন্দিরাও জেল কমিটির কাছে আবেদন পেশ করেন। ব্রিটিশ গভর্নমেন্ট জেল কমিটির রিপোর্ট, তাঁদের বয়ান এবং আন্তর্জাতিক মত মেনে ১৯২০ সাল থেকে কারাবন্দিদের মুক্তির প্রক্রিয়া শুরু করে। তাই সেলুলার জেল শুধু বন্দিদের ইতিহাস নয়, সিপাহি বিদ্রোহ, আধুনিক কারাবিজ্ঞান ইত্যাদি অনেক কিছু মিলেমিশে রয়েছে সেখানে।

আগের দিন রাতে লাইট অ্যান্ড সাউন্ড শো তে অশথ বা পিপল গাছেল বয়ানে শুনেছি এইসব ইতিহাস। দিনের আলোতে ঘুরে ঘুরে সব দেখলাম। ব্রিটিশদের অত্যাচার অতীত হয়েছে। বিল্ডিংগুলো বেশিরভাগই নষ্ট হয়ে গেছে, নিচের সংযোগ টাওয়ারসহ তিনটি উইং টিকে আছে কোনোমতে। ১৯৬৯ সালে বিল্ডিংটিকে জাতীয় স্মৃতিসৌধ হিসেবে স্বীকৃতি দেয়া হয়। সেলুলার জেল পরিণত হয় জাদুঘরে। পোড়ামাটির ইঁটে নির্মিত এই দালান এখন অগ্নিযুগের বিপ্লবীদের বহু স্মৃতিবিজড়িত স্মারক। এখানে বিভিন্ন গ্যালারিতে স্বাধীনতা সংগ্রামীদের ছবি এবং স্মারকচিহ্ন সংরক্ষিত আছে।

সেদিন ভারাক্রান্ত মনে সেলুলার জেল থেকে বেরিয়ে এসেছিলাম। কিন্তু আমি বিশ্বাস করি স্বদেশপ্রেমীদের আত্মত্যাগের এসব গৌরব গাঁথা যুগে যুগে অনুপ্রেরণা হয়ে থাকবে।


ডেপুটি ইন্সপেক্টর জেনারেল (ডিআইজি)
সিআইডি, বাংলাদেশ পুলিশ





বাণী চিরন্তন (সংকলিত)

— মোঃ আশরাফুল ইসলাম*



- “সৎ পরামর্শের চেয়ে কোন উপকারই অধিক মূল্যবান নয়” - ইমারসন
- “বড় হতে হলে সর্ব প্রথম সময়ের মূল্য দিতে হবে” -ডিকেন্স
- “প্রতিদিন আমাদের এমনভাবে কাটানো উচিত যেন আজ জীবনের শেষ দিন” - সেনেকা
- “হিংসা মানুষের নেক আমলকে ধ্বংস করে আর মিথ্যা মানুষের হায়াতকে কমিয়ে দেয়” - হযরত মুহাম্মদ (সঃ)
- “তিনিই প্রকৃত সুখী যিনি প্রয়োজনের তুলনায় বেশি আশা করে না” -ভার্জিল
- “যদি সর্বোচ্চ আসন পেতে চাও তাহলে সর্ব নিম্ন আসন থেকে শুরু কর” - সাইরাস
- “পরবর্তী দিন কখন সুখের নয় বিগত দিনের চেয়ে” - মিলটন
- “বিখ্যাত পুরুষ ডেম্পসী বলেন, প্রার্থনা না জানিয়ে তিনি কখনও আহায্য গ্রহণ করেন না। তিনি আরো বলেন, প্রার্থনা করার মধ্য দিয়েই তিনি লড়াই করার প্রেরণা পান”
- “উপরের ঝড়, চোট সমুদ্রের তলায় পৌঁছায় না। যিনি বিশাল এবং চিরন্তন সত্য উপলব্ধি করেন তার কাছে প্রতিটি সময়ের রূপান্তর প্রধান হয়ে উঠতে পারে না। প্রকৃত ধার্মিক থাকেন অবিচল আর শান্তভাবেই নিজের কাজ করে চলে” - উলিয়াম জেমস
- “নিজের জীবনের ভয়ে অধীনস্তকে রক্ষা করতে যে ব্যক্তি এগিয়ে আসে না, সে ব্যক্তি হচ্ছে সবচেয়ে বড় কাপুরষ” - শেখ সাদী (রহঃ)
- বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনের মেধার তুলনায় তাঁর চেহারা ছিল নিতান্তই সাদা মাটা। তারপরও একবার এক সুন্দরী অভিনেত্রী তাকে প্রস্তাব দেন। ‘চলুন আমরা বিয়ে করে ফেলি। তাহলে আমাদের সন্তানের চেহারা হবে আমার মতো সুন্দর আর মেধা হবে আপনার মতো প্রখর’। আইনস্টাইনের নির্বিকার উত্তর, ‘কিন্তু যদি এর ঠিক উল্টটা ঘটে, তবে কি হবে?’

BANGLADESH শব্দের পূর্ণরূপ (বাংলা অর্থসহ) নিম্নরূপ ভাবে ব্যাখ্যা করা যেতে পারে: B= Blood (রক্ত) A= Achieved (অর্জিত) N= Note Worth (স্মরণীয়) G= Golden (সোনালী) L= Land (ভূমি) A= Admirable (প্রশংসিত) D=Democratic (গণতান্ত্রিক) S= Sacred (পবিত্র) H=Habitation (বাসভূমি)	ISLAM শব্দের পূর্ণ অভিযুক্তি ISLAM শব্দের অক্ষরগুলোকে বিশ্লেষণ করলে আমরা পাই: I= I (আমি) S= Specially (বিশেষভাবে) L= Love (ভালবাসি) A= All M= Mankind 'ISLAM' শব্দটির অভিযুক্তির মাঝে ফুটে উঠেছে অমর বানী। "To love human being is to love Allah."
--	---

📁 দুটি পাপের সাজা দুনিয়াতে ও ভোগ করতে হয়:

“হযরত মুহাম্মদ (স:) বলেছেন, দুটি গুনাহ এমন রয়েছে যার সাজা পরকালে জন্য সঞ্চিত থাকা সত্ত্বেও একালেও ভোগ করতে হয়। গুনাহ দুটি হলো- জুলুম এবং নিকট আত্মীয়ের সাথে সম্পর্ক ছিন্ন করা”।

📁 ধনী এবং দীর্ঘায়ু হওয়ার উপায়:

হযরত মুহাম্মদ (স:) বলেছেন, যে ব্যক্তি চায় যে তার রিজিক বৃদ্ধি পায় এবং তার বয়স দীর্ঘায়িত হয়, তবে সে যেন নিকট আত্মীয়দের সাথে সম্পর্ক স্থাপন করে”।

📁 হযরত মুহাম্মদ (স:) যে ব্যক্তির জান্নাতের দায়িত্ব গ্রহণ করবেন:

হযরত মুহাম্মদ (স:) বলেন, আমি ঐ ব্যক্তির জন্য জান্নাতের কিনারায় একটি ঘরের জিম্মাদারী গ্রহণ করছি যে হকের উপর থেকেও ঝগড়া ছেড়ে দেয়, ঐ ব্যক্তির জন্য জান্নাতের মধ্যখানে একটি ঘরের জিম্মাদারী গ্রহণ করছি- যে ঠাট্টা-বিদ্‌পের মধ্যেও মিথ্যা কথা না বলে, আর ঐ ব্যক্তির জন্য জান্নাতের সর্বোচ্চ স্তরে একটি ঘরের জিম্মাদারী গ্রহণ করছি যে নিজের চরিত্রকে ভাল বানিয়ে নেয়। (আবু দাউদ)।

1. “The secret of success is to do the common thing uncommonly well”. - John D. Rockefeller.
2. “Success usually comes to those who are to busy to be looking for it”. - Henry david Thoreau.
3. “Nothing is impossible, the word itself says, I'm possible”. - Audrey Hepburn.
4. “The greatest glory in living lies not in never falling, but in rising every time we fall.” - Nelson Mandela.
5. “The best and the most beautiful thing in the world cannot be seen or even touched, they must be felt with the heart”. - Helen Keller.



পরিচালক (যুগ্মসচিব), সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।



সেদিন ছিল ৭ সেপ্টেম্বর, শুক্রবার। সুমিত্রার অফিস ছুটি। দুপুরের রান্নার আয়োজন করছে। সুমিত্রার বাবা মারা যাওয়ার পর বেশীরভাগ সময় মা তার কাছেই থাকেন। সুমিত্রার দুই ছেলেমেয়ে। দিদা তাদের কাছে থাকবে এটাই যেন স্বাভাবিক। সুমিত্রার স্বামীও মাকে তার এখানে রাখতেই বেশী স্বাচ্ছন্দ্য বোধ করেন। এ দিক থেকে সুমিত্রা ভাগ্যবতী। শ্বশুরী তাকে অনেক স্নেহ করতেন। শ্বশুর-শ্বশুরী গত হয়েছেন। বাবা নেই। একমাত্র মাকে ঘিরেই স্বামী সন্তানদের নিয়ে তার সংসার। সংসারের প্রতিটি ক্ষেত্রে রয়েছে তার মমতা। সুমিত্রারা তিন বোন দুই ভাই ছিল। ছোট ভাইটি হঠাৎ করে বার-তের বছর বয়সে ডিপথেরিয়া রোগে মারা গেলে মা প্রায় পাগোল হয়ে পড়েন। শোক সামলাতে অনেক বছর কেটে যায়। তারপর, বাবা মারা গেলেন। চোখের জল মুছে মা শক্ত হাতে সংসারের হাল ধরলেন। সুমিত্রারা তখন গ্রামের বাড়িতে থাকতো। অজো পাড়াগাঁ। পাশে একটি ছোট নদী। নিভৃত এ পল্লীতে সুমিত্রার জন্ম। তাই বোধকরি এখনো এ গ্রাম তাকে টানে। এখন আর নিজের বলতে কেউ নেই গ্রামে। ছোটবেলায় গ্রামে থাকতো ওরা। দেখেছে বাবা চাকরী করতেন। সপ্তাহে, পনেরদিন পর অথবা মাসে একবার বাড়িতে আসতেন। তখন যেন আনন্দের বন্যা বয়ে যেত। বাবার বদলীর চাকরি। স্বপ্ন বেতন। কাছে নিয়ে রাখার সামর্থ্য ছিলনা। বাবা মাস গেলে নিজের সামান্য হাতখরচের টাকা রেখে মায়ের হাতে বেতনের সব টাকা তুলে দিতেন। অনেক কষ্ট করে মা ছেলেমেয়েদের লেখাপড়া করিয়েছেন। সবাইকে ডিগ্রি পাস করিয়েছেন। সুমিত্রার লেখাপড়ার প্রতি নেশা ছিল। মাকে অনেক হিসেব করে চলতে হতো। গ্রামে অল্প কিছু জমিজমা ছিল। সংসারের সব দায়িত্ব, ছেলেমেয়েদের লেখাপড়া সব মাকে একাই সামলাতে হতো। সুমিত্রার একমাত্র ছোটভাই ভবতোষ। দুইবোনের পরে ভাই। বাবা নাম রেখেছিলেন। বাবা বলতেন, ও পৃথিবীকে সন্তুষ্ট করবে ওর নাম ভবতোষ। সুমিত্রা ওকে কখনো বাবু, কখনো ভাইয়া বলে ডাকতো। শান্ত, ভোলানাথ ছিল ভাইটি। বিএসসি সিভিল ইঞ্জিনিয়ারিং পাস করার পর একদিনও বসে থাকেনি। দিদির হাত ধরে স্কুলে যেত। দিদি বলতো তারাতারি হাট। সেই ছোটবাবু বড় হল। তখন আর ওর সঙ্গে হেটে পারতেনা। উইএনএইচসিআর এর আওতায় কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে তার চাকরি শুরু করলো। সহজ, সরল, আন্তরিক, সৎ, নিষ্ঠাবান হিসেবে নজর করলো এক ডাচ কোম্পানির। জয়েন করলো ডাচ কোম্পানিতে। কিছুদিন পটুয়াখালিতে কাজ করলো। কেম্পানি অফার দিল সাউথ আফ্রিকার মাঝখানে একটি দেশ লেসোথোতে কাজ করার। ভালো বেতন। গাড়ি-বাড়ি ফ্রি। মা রাজী হচ্ছিলেননা। বিদেশ বিভূঁই। একমাত্র ছেলে। সুমিত্রা বললো যাকনা বাইরে। বাইরের অভিজ্ঞতা হবে। বাবু চলে গেল লেসোথো। বাবুতো সুমিত্রার শুধু ভাই ছিলনা এ যেন তার ছেলে। বিয়ের পর একটু দূরে সরে গিয়েছে তবুও যেন সেই ছোটটি রয়ে গেছে। ছোট ভাইকে আগলে রাখতো যাতে সে কষ্ট না পায়। মনে পড়ে ছোট বেলায় ভাইবোন সবাই একসাথে সন্টার পর পিড়ি পেতে রাতের খাবার খেতে বসতো। কত যে গল্প, শেষ হয়না। গল্প করতে করতে ভাই পিড়িতে ঘুমিয়ে পরতো। মা বলতেন তাদেরকে নিয়ে আর পারিনে বাপু। যত কথা খাওয়ার সময়। ঘরে গিয়ে শুয়ে পর। হারিকেনের আলো জ্বালিয়ে সব ভাইবোন এক যায়গায় সন্ধ্যায় পড়তে বসতো। বৃষ্টির দিনে মুরির টিন নিয়ে মুড়ি খেতো, ঝড়ের মধ্যে আমের সময় আমকুড়াতে দৌড় দিত। মায়ের সাথে সংসারের সব কাজে মাকে সাহায্য করতো। অনেক আর্থিক কষ্টের মধ্যেও

অনেক আনন্দ ছিল। ভাইবোনের বন্ধন ছিল দৃঢ়। ভবতোষ কখনো কাউকে কটু কথা বলতে পারতেনা। রাগ হলে কথা না বলে চুপ করে থাকতো। মাঝে মাঝে কেঁদে দিত। গ্রামের সবাই এ পরিবারটিকে অনেক শ্রদ্ধা আর সমীহ করতো। তাদের সৌজন্যতা, আচরন, শিক্ষাদীক্ষা সকলের কাছে বিশেষভাবে প্রশংসিত ছিল। সুমিত্রার দাদু ছিলেন স্কুল শিক্ষক। এ সুবাদে সকলে মাষ্টার বাবুর বাড়ী, সংক্ষেপে বাবু বাড়ী বলতো। অনেক প্রতিকূলতার মধ্যে লেখাপড়া করেছে সুমিত্রা। ভাই তার হৃদয়ে টুকরা। একই স্কুলে পড়তো ভাইটিও। বাড়ী থেকে স্কুল ছিল অনেক দূরে। পায়ে হেঁটে, বাসে চড়ে যেতে হতো। সাইস নিয়ে পড়তো ভাইটি। প্রাকটিক্যাল ক্লাস থাকলে ক্লাসের বেঞ্চিতে রাতে ঘুমাতো। একবার ঘুমের ঘোরে বেঞ্চ থেকে পড়ে গিয়েছিল। শুনে খুবই কষ্ট পেয়েছিল দিদি। আর মা কেঁদে ফেলেছিলেন। ছোটবেলায় বাবু তখন ক্লাস ফোরে পড়ে। কি কারনে সবাই হট্টগোল করছিল। বাবু কিছুই করেনি, কিন্তু কুমারেশ স্যার বাবুকে বেত দিয়ে অনেক মেরেছিলেন। বাড়ীতে এসে ওর জামা-প্যান্ট খুলতে গিয়ে দেখে ফর্সা গায়ে গাড়া কালো কালো দাগ হয়ে আছে। অনেক কেঁদেছিল ভাইকে জড়িয়ে ধরে। এমন ছেলেকে কেউ মারতে পারে। কুমারেশ স্যার আজ আছেন কিনা জানেনা সুমিত্রা কিন্তু এ ঘটনার পর তাকে ক্ষমা করতে পারেনি মনে মনে। অনেক দিন ভেবেছে কেন স্যার মারলেন। পড়ে বুঝতে পেরেছিল শিক্ষকতা নিয়ে দাদুর সঙ্গে তার কেমন রেশারেশি ছিল। দাদু জুনিয়র হাইতে পড়াতেন। মাঝে-মাঝে নাতি-নাতনিদের নিয়ে কথা হত। দাদু নাতি-নাতনির প্রশংসায় পঞ্চমুখ হতেন। পছন্দ করতেন না কুমারেশ স্যার। বিনা কারনেই নাতির উপর রাগটা ঝেড়েছেন। সুমিত্রার সংগ্রামী মা। বৃদ্ধা হয়েছেন। ছেলে মেয়ের সাফল্যে তার গর্বে বুকটা ভরে যায়। দুই নাতি বড়টা ক্লাস এইটে, ছোটটা ফোরে পড়ে। বিদেশে ছেলের কাছে যাবেন। একমাস আগেই ব্যাগ গুছিয়ে রেখেছেন। বৌমা চাকরি করে। ছুটি পায়নি, যেতে পারছে না। এবার লিয়েন মঞ্জুর হয়েছে। বৌমাকে নিয়েই ছেলে লেসোথো গিয়েছে। একমাস পর মা যাবেন। সাত সেপ্টেম্বর ২০১৯ লেসোথো থেকে ফোন এসেছে। সুমিত্রা রান্নার কাজে ব্যস্ত। মাকে ধরতে দিল ফোনটা। মা হ্যালো, হ্যালো বলেন। ওপাশ থেকে কোন শব্দ হয়না। মা সুমিত্রার হাতে ফোনটা দিলেন। ওপাশ থেকে কণ্ঠ ভেসে এলো আমি ডাক্তার কাউসার বলছি। মাসিমার কাছ থেকে সরে গিয়ে আমার সঙ্গে কথা বলেন। অবাক কাউ কোন সন্তাসী নাকি। সুমিত্রা বললো কে বলছেন? কাউসার বললো দিদি, ভবতোষ দাদাকে হাসপাতালে নিয়ে যাচ্ছি। তার ব্যাপারে যেকোন খারাপ সংবাদের জন্য প্রস্তুত হন। এসব কি কথা। চিৎকার করে উঠলো সুমিত্রা। স্বামী এসে টেলিফোন ধরলেন। বাবু নেই। হার্ট এট্যাক। ঘুমের ঘোরে চলে গেছে পৃথিবী ছেড়ে। বৃদ্ধা মা এগিয়ে গেলেন কি হয়েছে। সুমিত্রা মাকে জড়িয়ে ধরে কাঁদতে লাগলো। বাবু নেই। মা শুনতে পেলেন কিন্তু বিশ্বাস করতে পারলেননা। এই তো ছোট নাতির জন্ম দিনে ৫ ই সেপ্টেম্বর ভবতোষের সাথে টেলিফোনে কথা হলো। এ অসম্ভব। মা বার বার মূর্ছা যেতে লাগলেন। সংগ্রামী মায়ের বুকের উপর এতবড় জগদদল পাথর ঈশ্বর চাপিয়ে দিবেন এ যে কল্পনায়ও আসেনা। হাহাকার করে উঠলো বুকটা। কি হারিয়ে ফেললাম ভাই না সন্তান। মাকে আকড়ে ধরলো সুমিত্রা। পৃথিবীর সমস্ত আলো যেন ফুৎকারে নিভে গেল মায়ের চোখ থেকে। এখন মায়ের সীমাহীন প্রতিক্ষা। এ প্রতিক্ষা জীবনের জন্য নয়, এ প্রতীক্ষা মৃত্যুকে আলীঙ্গনের। মাকে দেখলে সুমিত্রার ভয় করে। কথা বলার খেই হারিয়ে ফেলে। একটা ফোন কল যে মায়ের জীবন থেকে তার নয়নের মনিকে কেড়ে নিয়েছে। এখন চারপাশে শুধুই অন্ধকার।

যুগ্ম-সচিব

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

পিএটিসিতে এই নিয়ে তৃতীয় বার দীর্ঘসময়ের জন্য প্রশিক্ষণে এসেছিলাম। অন্য দুবারের প্রশিক্ষণের চেয়ে এবারের প্রশিক্ষণ একেবারেই ভিন্ন রকম অনুভূতি। প্রথমে ভেবেছিলাম একজনও মহিলা নেই কেমন লাগবে। অথচ সবার কাছ থেকে এত স্নেহ, ভালবাসা, শ্রদ্ধা পেলাম, যেন পঁচিশ ভাই চম্পা। সবার এত দিকে জ্ঞান-গরিমা। মুগ্ধ হয়ে গেলাম। এমনতেই কেন জানিনা পিএটিসিতে প্রশিক্ষণ খুব ভাল লাগে। সকালে উঠে হাঁটাহাঁটি, ইয়োগা ফিজিক্যাল টিচারের আন্তরিক যত্ন, নাস্তার টেবিল, বিকেলে চায়ের টেবিলে গল্প সবই অত্যন্ত ভাল লেগেছে। বহুদিন পর যেন ছাত্রী হয়ে পড়েছি। একটু ঝামেলায় ফেলেছিল পলিসি ইভালুয়েন (গবেষণা পেপার) তৈরি এবং জমা দেয়া। আমাকে দেখে আমার গ্রুপ যমুনার সদস্যগণ এ ব্যাপারে অনেক অভয় দিয়েছে, সহযোগিতা করেছে। কোর্স কো-অডিনেটর রাজিবের স্নিত হাসি, মেহেদির স্মার্ট কথা চমৎকার। করোনা যে আমাকেও ধরবে বুঝতে পারিনি। ৯৫ তম এসএসসি'র কোর্স এ্যাডভাইজার, রেক্টর স্যারসহ সিএমটির সকল সদস্যের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। ৯৫তম এসএসসির স্মৃতি মনে থাকবে বহুদিন।

যুগ্ম-সচিব

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়





Budgetary process in Bangladesh

–Md Mostafa Kamal Mazumder*

Budget is a deliberate adjustment between income and expenditure of the public authority.

Article. 87 (The Constitution of the People’s Republic of Bangladesh): The government gives annual financial statement before the parliament in an exclusively convened budget session held in June every year

Article. 84: All government’s income kept in ‘consolidated account’ & fund kept by government as trustee deposited in ‘public accounts of the republic’. Budget is of two kinds:

- (1) Revenue budget (2) Development budget.

Revenue budget is prepared by the Finance Division.

Development budget is prepared by Planning Commission which is known as ‘Annual Development Program (ADP)’.

Our budget is ‘line item or ‘incremental budgeting’. It does not try to justify items in previous years’ budget for entering in new budget hence it is line item budgeting. Similarly, allocation in the new budget is determined on the basis of certain increment over the previous budget & hence it is incremental budgeting.

Budget preparation process:

Secretariat Instruction: Section-240; Medium term budget framework (MTBF): In MTBF 3 years budget prepared of which current year’s budget is taken as exact & fixed and another two future years’ budget is indicative (may be changed).

Budget preparation is at 3 stages:

- (1)Strategy level, (2) Estimate level & (3) Approval.

Budget making process is at 4 steps:

The budget cycle consists of four phases:

- (1)Preparation and submission, (2) Approval, (3) Execution, and (4) Audit and Evaluation.

Budget structure is divided into two parts & 6 sections:

The 1st part includes-mission statement, strategic objective, effect on poverty & women development, estimate.

The 2nd part includes- (1) Function of Directorate/Agency under Ministries;

- (2) Program/projects of directorate/agencies.

Secretariat Instruction: Section-244: There is a committee headed by Finance Minister/ Advisor namely ‘Budget Monitoring and Resources Committee’ whose member secretary is Additional Secretary (Budget) of MOF. A technical committee headed by Additional Secretary (Budget) of MOF provides technical support to the BMRC. BMRC mainly responsible for allocation of resources for revenue and development budget. Budget calendar [sec. 245(1), appendix-1]:

- 1) Departmental estimate printing 31st July

2)	Budget printing & distribution	31st August
3)	Supply of budget form to accts. Officer	30 September
4)	Estimating officer submit estimate	10 October
5)	3 months actual expenditure from controlling Officer to accts. Officer & Finance Division	31 October
6)	Receipt of new expenditure schedule in the Finance Department	25 November
7)	Completion of the review of estimate on the basis of Six months' actual expenditure obtained from accts officer	20 January
8)	Combined estimate along with 3 month's actual expenditure received by Finance Division from accts officer	22 January
9)	6 months' actual expenditure received from accts. Officer	15 February
10)	Completion of the review of estimate based on 6 months' actual expenditure	28 February
11)	Preparation of first edition of budget and new expenditure schedule and sending to press	01 March
12)	Distribution of 1st edition of budget to Ministries	10 March
13)	Aid forecast	14 March
14)	Conclusion of discussion with administrative ministries	28 March
15)	Receipt of ADP from Planning	28 March
16)	Budget document printing	May

Preparation of estimate & 1st edition budget:

Section-246: Estimate of income & expenditure is prepared at district & directorate of Finance peruses that in December-January. After discussion with ministries, the Finance Division prepares 'revised' & current budget and publish as 1st edition of the budget in March.

Schedule of new expenditure is to be submitted with approved estimate in triplicate to the Finance Division within 22 January each year.

List of Mid Term Budget Framework (MTBF) Ministries:

- (1) Ministry of Primary and Mass Education
- (2) Ministry of Education
- (3) Ministry of Science and Information Communication Technology
- (4) Ministry of Health and Family Welfare
- (5) Ministry of Social Welfare
- (6) Ministry of Women and Children Affairs
- (7) Ministry of Housing and Public Works
- (8) Local Government Division
- (9) Rural Development and Cooperative Division
- (10) Ministry of Power, Energy and Mineral Resources
- (11) Ministry of Agriculture
- (12) Ministry of Fisheries and Livestock
- (13) Ministry of Environment, Forest and and Climate Change (Bangladesh)
- (14) Ministry of Land
- (15) Ministry of Water Resources
- (16) Ministry of Food
- (17) Ministry of Disaster Management and Relief
- (18) Ministry of Road Transport and Bridge
- (19) Ministry of Railways (Ministry of Communication)
- (20) Ministry of Shipping

Budget preparation starts with issue of budget call notice by the Ministry of Finance.

Budget is placed before the parliament as a bill called 'Appropriation Bill' & when passed by the parliament it is called 'Appropriation Act'.

Revenue collection of the govt. or taxation policy is placed every year before the parliament & passed which is called 'Finance Act'.

Budget monitoring resource committee:

The BMRC determines the size & composition of ADP.

1. Minister for Finance	Chairman
2. Secretary, Finance Division	Member
3. ERD	Member
4. Secretary, Internal Resources Division	Member
5. Secretary, Ministry of Agriculture	Member
6. Secretary, Ministry of Commerce	Member
7. Secretary, Ministry of Industry	Member
8. Secretary, Ministry of Food	Member
9. Secretary, Ministry of Industry	Member
10. Member Programming	Member
11. Governor, Bangladesh Bank	Member
12. Chairman, Tariff Commission	Member
13. Additional Secretary, Budget, Finance	Member-Secretary

By programming committee:
Formulation of draft ADP, Preparation & approval of ADP:

- The procedures of preparation and review of ADP are:**
- 1) Issuance of guideline by the programming division;
 - 2) Request for resource estimate by Finance & ERD;
 - 3) Scrutiny of projects by sector division;
 - 4) Consideration of ADP by programming committee;
 - 5) Formulation of draft ADP;
 - 6) Preparation of summary for NEC;
 - 7) Approval by NEC.

- Functions of the Programming Division:**
- Determine ADP size & sectoral allocation,
 - Formulation & revision of ADP(including TAPP),
 - Oversee ADP execution & administration,
 - Determine external assistance need of ADP
 - Prepare list of aid-worthy projects for Bangladesh Development Forum,
 - Coordination in all ADP related issues,
 - Secretarial service to Programming committee,
 - Prepare & interpret development guidelines,
 - Keep records of resource use.

Procedure for preparation of ADP:
After receiving guideline issued by the Programming Division of the Planning Commission, Directorate/ Agencies prepares development project proposal in DPP format & they submit it to the sector division of the Planning Commission. They examine and scrutinize it, then they submit it to the Programming Division. Programming Division finally select the project, give allocation to projects. Projects are approved at different levels as per volume of allocation. They, total list of the projects of all the Ministries & get approval of ECNEC. Thereafter they sent the list to the Finance Division for inclusion annual budget and placing before Parliament.

- Financing ADP:**
Sources of financing:
- (1) Revenue Surplus,
 - (2) Borrowing-
- a. Domestic borrowing from the banking system & non bank sources like postal order, defense certificate.
 - b. External borrowing from bilateral or multi-lateral donors or international commercial banks/financial institutions.

Joint Secretary (6043)
Director (Traffic)
Bangladesh Land Port Authority



এসেছি সিনিয়র স্টাফ কোর্সে

—ড. সৈয়দ মাসুম আহমেদ চৌধুরী*

এসেছি করতে মোরা সিনিয়র স্টাফ কোর্স
আসতে এখানে কেউ করেনিতো force,
সবার জ্যেষ্ঠ মোদের হায়দার শীষ
আদার মেটাতে তাই তিনি ব্যস্ত অহর্নিশ।

খাবারের দায়িত্বে আছেন আবদুল মান্নান
সুষ্ঠু পরিবেশে তাই সবাই খাবার খান,
একমাত্র n.d.c এখানে মোঃ ওলি
সবার problem তাই তা'কেই বলি।

আছেন কোর্সে একজন শিখা সরকার
Gender balance-এ তা'কে যে ভীষণ দরকার,
আরো আছেন রেজা, নাসিম আর তাহমিদ
Policy paper লিখতে তা'দের নেই কোন নিদ্।

Course mate আহাদ, রউফ আর রেজাউল
ক্লাস শেষে করতে প্রশ্ন তা'দের হয়নাতো ভুল,
সালেহউদ্দিন, শরীফ আর মাসুম
ক্লাসের ফাঁকে দেন তা'রা ঘুম।



বন্ধুবর কবির, আশরাফ আর জহির
বক্তব্য রাখতে তা'রা বেশ ধীর,
নিয়মিত সুপ্রভাত পোস্ট দেন ইসলাম হাবিবুল
আর নিরাপত্তার নিয়ম শেখান শেখ নাজমুল।

প্রকল্পের ভ্রানে ভারি ফজলু আর আতাউর
নিয়ে যান আমাদের এ পথে বহুদূর,
পরিপাটি সজ্জায় মনির আর ফারুক
দেখে মোরা পাই কতইনা সুখ।

পঁচিশ জনে আরো আছেন ফিদা আর মোখলেস
তারপরও হয়নি বলা সবার কথা শেষ,
সবশেষে আরো আছেন মোস্তফা কামাল
করোনার সাক্ষাতে তিনি যে নাকাল।


মায়াজালে জড়িয়েছে মেহেদী আর রাজীব
প্রার্থনা করি থাকুক তারা চিরদিন সজীব।
কোর্স শেষে আজ বাড়ি ফেরার পালা
থাকবে না আর ভাই morning P.T.-র জ্বালা।

যুগ্মসচিব

বেসাময়িক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়


Album







Inauguration Speech-Program





Offer Homage to Martyrs at National Mausolium



Picture with Course Management Officers





Picture with Speaker on International Trade






Closing Program of 95th SSC



Picture with Speaker on Blue Economy



Class Attendent Mr. Sirajul Islam Kaushik



Auditorium and ITC of PATC



Main Entry Gate of PATC



ITC of PATC



Picture of Auditorium of PATC (Aerial View)



Aerial View of PATC Campus (Partial)

প্রাকৃতিক গ্যাস ও খনিজ তেল উৎপাদনের পথিকৃত সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পেট্রোলিয়াম দ্রব্যাদি উৎপাদনের
মাধ্যমে দেশের অর্থনৈতিক বুনয়াদ সুদৃঢ় করছে।

আমাদের উৎপাদনের তালিকায় রয়েছে:

- প্রাকৃতিক গ্যাস
- এনজিএল
- কনডেনসেট
- পেট্রোল
- ডিজেল
- কেরোসিন
- অকটেন



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)


পানিছড়া, চিকনাগুল, পোষ্ট বক্স নং-৩৩ সিলেট।
টেলিফোন : ০৮২১-২৮৭১৭৩৫, ২৮৭০৪৬৪



৫০০% পর্যন্ত
ক্যাশ ভাউচার
ফ্রি

রয়েছে কোটি কোটি টাকার নিশ্চিত
ক্যাশ ভাউচারসহ অসংখ্য ওয়ালটন পণ্য ফ্রি

শর্ত প্রযোজ্য




ওয়ালটন প্রজা, বাংলামেটির, ঢাকা থেকে
ফ্রিজ কিনে ৫০০% ক্যাশ ভাউচার পেলেন



শর্তাবলি:

- ওয়ালটন ফ্রিজ, ওয়াশিং মেশিন ও মাইক্রোওয়েভ ওভেন SMS-এ Product Registration করতে হবে।
- এই ক্যাম্পেইনটি নিরাপেক্ষতার স্বার্থে সম্পূর্ণভাবে কম্পিউটারাইজড সিস্টেম দ্বারা পরিচালিত।
- ফ্রিজ ক্রয়ের ক্ষেত্রে একই মোবাইল নম্বর থেকে বছরে ৩ টির বেশি রেজিস্ট্রেশন করলে গ্রাহক এই ডিজিটাল ক্যাম্পেইনের সুবিধার অত্রভূক্ত হবেন না।
- কর্তৃপক্ষ যেকোনো সময় এই ক্যাম্পেইন পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- এ উদ্যোগ পণ্যের গবেষণা ও মানোন্নয়ন এবং ডিজিটাল পদ্ধতিতে সর্বোচ্চ গ্রাহক সেবা নিশ্চিতকরণের প্রত্যয়ে।

প্রযুক্তিগত/নেটওয়ার্কজনিত কারণে SMS টি বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকতে পারে।






**Best wishes
for
95th Senior
Staff Course**

**River Wave International
Hotel Ltd**

Managing Director

M.A. Mazed Khan

Address | House-221, Road-13, Rana Bhola Avenue
Sector-10, Uttara Model Town, Dhaka




পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)




PGCB Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web : www.pgcb.gov.bd

মানসম্পন্ন বিদ্যুৎ নিরবচ্ছিন্নভাবে দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়াই আমাদের অঙ্গীকার

- * গ্রিড উপকেন্দ্র, গ্রিড লাইন ও টাওয়ার জাতীয় সম্পদ, তা রক্ষা করা সকলের দায়িত্ব।
- * গ্রিড উপকেন্দ্র, সঞ্চালন লাইন ও বৈদ্যুতিক টাওয়ারের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ চুরি প্রতিরোধে সহায়তা করুন, বিদ্যুৎ বিপর্যয় থেকে দেশকে বাঁচান।
- * উচ্চ ভোল্টেজের বৈদ্যুতিক টাওয়ার ও লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখুন।
- * বিদ্যুতের গ্রিড লাইন ও টাওয়ার হতে নিরাপদ দূরত্বে স্থাপনা নির্মাণ করুন।
- * বৃক্ষ রোপনে গ্রিড লাইন ও টাওয়ার হতে নিরাপদ দূরত্বে স্থান নির্বাচন করুন।
- * বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন। আপনি বিদ্যুৎ সাশ্রয় করলে তা অন্য একজন ব্যবহার করতে পারে। এমনকি সাশ্রয়কৃত বিদ্যুৎ গুরুতর অসুস্থ কারও জীবন বাঁচানোর কাজে লাগতে পারে।
- * বিদ্যুৎ অপচয় রোধে সচেতনভাবে ফ্যান, বাতি ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করুন।
- * বিদ্যুৎ সাশ্রয়ী (LED/CFL/T5) বাল্ব ব্যবহার করুন।
- * যথাসম্ভব দিনের আলো ব্যবহার করুন।
- * বিকাল ৫:০০ টা হতে রাত ১১:০০ টা পর্যন্ত সময়ে বিদ্যুতের চাহিদা বেশী থাকে। এ সময় দোকান, শপিংমল, বাসা-বাড়ীতে আলোকসজ্জা হতে বিরত থাকুন।



বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প



প্রকল্পের পটভূমি :

বাংলাদেশে যে ফলগুলো পাওয়া যায় তার ৬০% পাওয়া যায় ৪ মাসে (মে-আগস্ট) এবং ৪০% পাওয়া যায় বাকি ৮ মাসে। এই প্রকল্পের মাধ্যমে প্রচলিত, অপ্রচলিত এবং অন্যান্য সম্ভাবনায় ফলের চাষাবাদ বাড়িয়ে সারা বছরব্যাপী সমানভাবে ফলের সরবরাহ বাড়ানো হবে। পাহাড়ি, অসমতল, অব্যবহৃত জমিতে ফলের গাছ রোপন এবং বসতিভিত্তিক জমিকে উদ্যান ফসল উৎপাদনের আওতায় নিয়ে এসে ফলের উৎপাদন বাড়ানো হবে। ১৯টি উপকূলীয় জেলায় প্রতি বছর প্রাকৃতিক বিপর্যয়ের কারণে ভূমি ক্ষয় হয়ে অনেক এলাকা সমুদ্র গর্ভে তলিয়ে যাচ্ছে। এর থেকে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে এ প্রকল্পের মাধ্যমে ৫০,০০০টি খাটো জাতের নারিকেল প্রদর্শনী স্থাপন করা হবে।

প্রকল্পের মূল উদ্দেশ্য :

৩টি পার্বত্য জেলাসহ অন্যান্য জেলার অসমতল ও পাহাড়ি জমি এবং উপকূলীয় ও অন্যান্য এলাকার অব্যবহৃত জমি ও বসতিভিত্তিক উদ্যান ফসলের উৎপাদন বৃদ্ধিসহ সমতল ভূমিতে মাঠ ফসল চাষের সুযোগ অব্যাহত রাখা; দেশীয় রপ্তানিযোগ্য ফলের উৎপাদন বৃদ্ধি এবং সংগ্রহোত্তর ব্যবস্থাপনার আধুনিকায়নের সাথে সাথে ফল প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ সেবা বৃদ্ধি করা। প্রদর্শনী প্রট স্থাপন, মাঠ দিবস ও অন্যান্য টেকসই পদ্ধতির মাধ্যমে উদ্যান ফসলের আধুনিক প্রযুক্তিসমূহ চাষী পর্যায়ে সম্প্রসারণ করা। বিদ্যমান হটিকালচার সেন্টারসমূহের আধুনিকায়ন, নারীদের ক্ষমতায়ন, কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা।

প্রকল্প এলাকা :

৭টি বিভাগের ৪৫টি জেলার ৩৬২ উপজেলা প্রকল্পের আওতাভুক্ত। উদ্যান ফসল উৎপাদনের জন্য অধিক উপযোগী সমতল ও পাহাড়ি এলাকাকে প্রকল্প এলাকা হিসেবে নির্বাচন করা হয়েছে।

প্রধান কার্যক্রম :

ফল বাগান ও অন্যান্য প্রদর্শনী স্থাপন, প্রশিক্ষণ প্রদান, আরবান সেলস সেন্টার, ফল প্রক্রিয়াজাতকরণ কারখানা, অফিস বিল্ডিংসহ ট্রেনিং সেন্টার কাম ডরমেটরি এবং অফিস বিল্ডিং কাম ট্রেনিং সেন্টার নির্মাণ।

বর্তমানে দেশে ৩ লক্ষ ৪৮ হাজার হেক্টর জমিতে ফলের উৎপাদন হচ্ছে প্রায় ৪৩.৮ লক্ষ মে. টন (বিবিএস-২০১১)। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ফলের উৎপাদন প্রায় ১২ লক্ষ মে. টন বৃদ্ধি পাবে। এতে জাতীয় অর্থনীতিতে প্রায় ৬০০০ কোটি টাকা যোগ হবে।



বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প

কম নং-৭৩১, মধ্যম বিল্ডিং, ৭ম তলা
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়
আমারবাড়ি, ফার্মগেট, ঢাকা
ফোন- ০২৯১০১১৭৫, ইমেইল-pdyrfp@gmail.com





Mim International

One Stop Bag Solution

Proprietor

Md. Iqbal Hossain Khan



Quality Conciseness Professional

Shop:

G-7, 14, H-7, Baitul Mukarram, New Super Market, Tel : +88 02 41050775
Fax : +88 02 41050777 , +880-01733787919, E-mail: mimintl2016@gmail.com
Importer, Exporter, Indenter & Supplier, Authorized VoIP Service Provider
Enlisted 1st Class Contractor, Govt. Organization

Exclusive Dealer :

Apex Footwear, President, Leaves King, Max, T-Travel & Nanxiang



